



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
পুট:ই-৪/এ, ব্লক:সিডিকসেক্টর, সেকশন:আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

www.islamicfoundation.org.bd

নং-১৬.০১.০০০০.০০১.১৭.০০২.৯৩ (ভলি-৫)-০০১১

তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রি:


বিজ্ঞপ্তি

পবিত্র ঈদে মিলাদুন্নবী (স:) উদযাপন উপলক্ষে আগামী ১১ রবিউল আউয়াল ১৪৪১ হিজরী, ২৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ ০৯ নভেম্বর ২০১৯ খ্রি. শনিবার থেকে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পক্ষকালব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে।

আগামী ০৯/১১/২০১৯ খ্রি. তারিখ বাদ মাগরিব (সন্ধ্যা ৫.৩০টায়) বায়তুল মোকাররম মসজিদ প্রাঙ্গণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: আনিসুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করবেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস-এর সম্মানিত গভর্নর জনাব সিরাজ উদ্দীন আহমেদ ও সম্মানিত গভর্নর শায়খ আল্লামা খন্দকার গোলাম মাওলা নকশেবন্দী উপস্থিত থাকবেন এবং সম্মানিত গভর্নর আলহাজ্ব মিছবাহুর রহমান চৌধুরী সভাপতিত্ব করবেন।

সংশ্লিষ্ট পরিচালক/প্রকল্প-পরিচালক/প্রকল্প-ব্যবস্থাপক/বিভাগীয় প্রধানগণকে তাঁদের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের পবিত্র ঈদে মিলাদুন্নবী (স:) উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



(কাজী নূরুল ইসলাম)
সচিব
ইসলামিক ফাউন্ডেশন।

নং-১৬.০১.০০০০.০০১.১৭.০০২.৯৩ (ভলি-৫)- ৫০২০(৩০)

তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক বিভাগীয় প্রধান... ইসলামিক ফাউন্ডেশন।
- ০২। একান্ত সচিব, মহাপরিচালক-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। সংশ্লিষ্ট নথি/গার্ড নথি।


(মুহাম্মদ জালাল আহমদ)
উপ-সচিব
ইসলামিক ফাউন্ডেশন